স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে স্থানীয় কর্মসূচী প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত জুম সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ১২-০৮-২০২০ |
| সময় | ঃ | সকাল ১০.০০ টা |
| সভাপতি | ঃ | **মোঃ মোজাম্মেল হক রাসেল**<br>উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। করোনা ভাইরাসের কারণে সভাটি জুমে অনুষ্ঠিত হয়। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০- ৩৮৬ তারিখঃ ২৭ জুলাই ২০২০ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্মারক নং-২০৬ তারিখঃ ৩০-০৭-২০২০ নির্দেশিকা/ গাইড লাইন মোতাবেক জাতীয় শোক দিবস২০২০ পালন করতে হবে। সভাপতি আরো বলেন যে, জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চুড়ান্তকরণ এবং সভায় সংযুক্ত সকলের মতামতের ভিত্তিতে গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২০ তারিখের ৪৩২ নম্বর স্মারক ও জেলা প্রশাসক সাতক্ষীরা মহোদয়ের ১০ আগস্ট ২০২০ তারিখের ৪৬১ নম্বর স্মারকের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী এবং অন্যান্য সংশ্লিষ্ঠ পত্রসমূহ সভায় পাঠ করা হয়।

সভায় উপস্থিত উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, জনাব সাঈদ মেহেদী, সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের আহবান রাখেন এবং ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে তাঁর পরিবারের সকল সদস্যদের রুহের মাগফেরাত কামনা করেন এবং জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের জন্য দলমত নির্বিশেষে সকলকে আহবান জানান।

মাননীয় সংসদ সাতক্ষীরা-৩ জনাব ডাঃ আ, ফ, ম, রুহুল হক উক্ত সভায় মোবাইল ফোনের মাধ্যমে উপস্থিত হয়ে সকলের উদ্দেশ্যে জানান, বঙ্গবন্ধুর জন্ম না হলে আমরা বাংলাদেশ পেতাম না এবং আমাদের বর্তমান স্ব স্ব অবস্থান এমন থাকতো না। তার সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে তাঁর পরিবারের সকল সদস্যদের রুহের মাগফেরাত কামনা করেন এবং জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের আহবান রাখেন।

জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে এ দিবসটি পালনের নিমিত্ত স্থানীয় কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে উপস্থিত ব্যক্তিবর্গের মতামত আহবান করা হয়। বিস্তারিত আলোচনা এবং মত বিনিময় এবং পরামর্শ মোতাবেক সর্বসম্মতভাবে জাতীয় শোক দিবসের নিম্নরূপ কর্মসূচি এবং সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

<u>১৫ আগস্ট জাতীয় শোক দিবসের কর্মসূচি ঃ</u>

| সময় | কর্মসূচী | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সুবিধামত সময়ে | ১। অন লাইন প্লাটফর্মে চিত্রাংকন ও সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা<br>২। গুগল ফর্মে রচনা প্রতিযোগিতা | অন লাইন | ১। উপজেলা প্রশাসন<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা মাঃ শিক্ষা অফিসার<br>৪। সহকারি প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর. কালিগঞ্জ<br>৫। সহকারি প্রোগ্রামার, ব্যানবেইজ. কালিগঞ্জ |
| ১৫ আগস্ট শনিবার সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারী ভবনসমূহে | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ/ ভবনের মালিকগণ |
| সকাল ৮.৩০টা | পুস্পস্তবক অর্পণ | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন এর সামনে এবং কাকশিয়ালী সেতুর পার্শ্বে বঙ্গবন্ধুর ম্যুরাল এ পুস্পস্তবক অর্পণ | ১। উপজেলা প্রশাসন<br>২। মুক্তিযোদ্ধা সংসদ |
| সকাল ১০-৩০ টা | "অসমাপ্ত মহাকাব্য" শীর্ষক প্রামান্য চিত্র প্রদর্শন | উপজেলা প্রশাসনের অফিসিয়াল ফেইসবুক আইডি | ১। উপজেলা প্রশাসন<br>২। মুক্তিযোদ্ধা সংসদ<br>৩। তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর. কালিগঞ্জ |
| সুবিধামত সময়ে | মসজিদ, মন্দির, গীর্জায় বিশেষ প্রার্থনা | স্ব-স্ব মসজিদ, মন্দির, গীর্জায় | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ, (সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন এবং সভাপতি/ সাধারণ সম্পাদক, পুরোহিত সমিতি, কালিগঞ্জ বিষয়টি নিশ্চিত করবেন) |
| সুবিধামত সময়ে | অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজ নিজ ব্যবস্থাপনায় আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিজ নিজ ফেসবুক আইডি | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ (উপজেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক শিক্ষা অফিসার বিষয়টি নিশ্চিত করবেন) |

| | | | |
|---|---|---|---|
| সুবিধামত সময়ে | গুগল ফর্মের মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশ ক্যুইজ প্রতিযোগিতার বিশেষ রাউন্ড | অনলাইন | ১। উপজেলা প্রশাসন<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা মাঃ শিক্ষা অফিসার<br>৪। সহকারি প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর. কালিগঞ্জ<br>৫। সহকারি প্রোগ্রামার, ব্যানবেইজ. কালিগঞ্জ |
| সুবিধামত সময়ে | জুম এ্যাপের মাধ্যমে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা | অনলাইন | ১। উপজেলা প্রশাসন<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা মাঃ শিক্ষা অফিসার<br>৪। সহকারি প্রোগ্রামার, ব্যানবেইজ. কালিগঞ্জ |
| রাত ৮.০০ টা | জুম এ্যাপে অনুষ্ঠিতব্য "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক আলোচনা ও সাংস্কৃতি অনুষ্ঠান ফেইসবুক লাইভে প্রচার | জুম এ্যাপের আইডি ২৫৫ ৮৯৫ ৪৬২৪ পাসওয়ার্ড ১০০ | ১। উপজেলা প্রশাসন<br>২। সকল সরকারি ও বেসরকারি অফিস প্রধানগণ।<br>৩। উপজেলা শিল্পকলা একাডেমী<br>৪। উপজেলার সকল রাজনৈতিক ব্যাক্তিবর্গ এবং সর্বস্তরের জনগণ। |

০২। জাতীয় শোক দিবস পালন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণ করে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ এর আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে উপজেলা পর্যায়ের অনুষ্ঠনসমূহে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।

০৩। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পতাকা অর্ধনমিত রাখা এবং অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজ নিজ ব্যবস্থাপনায় জাতীয় শোক দিবস এর কর্মসূচী পালন নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জকে অনুরোধ করা হয়।

০৪। স্বাস্থ্যবিধি অনুসরণ করে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে ইউনিয়ন পরিষদে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।

০৫। জাতীয় শোক দিবস উপলক্ষে গৃহীত সকল অনুষ্ঠানের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের জন্য অফিসার ইন-চার্জ, কালিগঞ্জ থানাকে অনুরোধ করা হয়।

০৬। জাতীয় শোক দিবস এর কর্মসূচী চলাকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ-কে অনুরোধ করা হয়।

০৭। আগামী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবসে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে। কোন প্রকার কাটা ছেঁড়া, বিবণ রং এর পতাকা উত্তোলন করা যাবে না। ঐ ধরনের পতাকা উত্তোলনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় তদারকি করার জন্য সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কালিগঞ্জ-কে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় পরিশেষে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরুত্ব বজায় রেখে জাতীয় শোক দিবসের গৃহীত প্রতিটি কর্মসূচীতে দলমত নির্বিশেষে সকলকে অংশগ্রহণের আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/৮/২০২০
(মোঃ মোজাম্মেল হক রাসেল)
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং- ৪৪.৪৪.৮৭৪৭.০০০.২৭.০০১.২০- ৬৭৯

তারিখ ঃ ১২-০৮-২০২০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

(১) মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩/ সাতক্ষীরা-৪
(২) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৪) ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৫) উপজেলা .............................. অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৬) চেয়ারম্যান, ..........................................ইউপি(সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
(৭) জনাব ......................................................................, কালিগঞ্জ, সাতক্ষীরা

১২/৮/২০২০
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা